

# এমসি কলেজে হামলা : জবি ছাত্রদের বিক্ষোভ

জগন্নাথ  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

২১ ফেব্রুয়ারি,  
২০২৫ ০২:১০

শেয়ার

অ +

অ -



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদের বিক্ষোভ মিছিল। ছবি : কালের কণ্ঠ

সিলেটের এমসি কলেজে এক শিক্ষার্থীর ওপর হামলার ঘটনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল করেছে শাখা ছাত্রদল।

বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) দিবাগত সাড়ে ১১টার দিকে এ বিক্ষোভ মিছিল হয়। মিছিলটি কাঁঠাল তলা থেকে শুরু হয়ে বিজ্ঞান চত্বর, শান্ত চত্বর ও শাঁখারী বাজার মোড় হয়ে ভাষাশহীদ রফিক ভবনের সামনে গিয়ে শেষ হয়।

এ সময় নেতাকর্মীরা ‘রগ কাটার রাজনীতি চলবে না চলবে না’, ‘গুপ্ত রাজনীতি চলবে না চলবে না’, ‘স্বৈরাচার রাজাকার মিলেমিশে একাকার’সহ নানা স্লোগান দেন।

বিক্ষোভ মিছিল পরবর্তী সমাবেশে শাখা ছাত্রদলের সদস্যসচিব শামসুল আরেফীন বলেন, ‘বিগত ফ্যাসিস্ট সরকার ডামি প্রার্থী তৈরি করত। বর্তমানে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে দাঁড়িয়ে ডামি সাধারণ শিক্ষার্থী তৈরি করা হচ্ছে। আমরা বলতে চাই, ডামি ডামি খেলা বন্ধ করুন। রাজনৈতিক স্বাধীনতা রয়েছে, সেটা করুন।

তিনি আরো বলেন, ‘বিগত সরকারের আমলে কেউ মাঠে ছিল না। আমরা থেকেছি। কাউকে খুঁজে পাওয়া যায় না। একটি দল একাত্তরের ওপর ভর করেছিল, বর্তমানে আরেকটি দল চব্বিশের ওপর ভর করতে চায়।

যারা এমনটি করতে চায়, তাদের আমরা লাল কার্ড দেখিয়ে দিতে চাই। কুয়েটে যদি বৈষম্যবিরোধী আন্দোলন কমিটি দিতে পারে, তাহলে ছাত্রদল ফরমও বিক্রি করতে পারবে।’

এ সময় ছাত্রদলের দীর্ঘ বছরের ত্যাগ উল্লেখ করে শাখা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, ‘আপনাদের বলে দিতে চাই, ১০ মিনিটের নোটিশে যে কোনো ছাত্রসংগঠনের অপতৎপরতা ছাত্রদল রুখে দিতে পারে। ছাত্রদল ক্রেডিট নেওয়ার রাজনীতি করে না। বিগত ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে সবারই অংশগ্রহণ ছিল।

কিন্তু কোনো ছাত্রসংগঠন যদি অপতৎপরতা করতে চান, ছাত্রদল রুখে দিতে প্রস্তুত রয়েছে।’